NYC Health

***<u>নতুন আইন</u>***

# আবাসিক ভবনগুলিতে ধূমপান বিষয়ক নীতিমালার প্রকাশনামাঃ

## *আপনার কি জানা আবশ্যক*

## <u>সাধারণ তথ্য</u>

2017 সালের আগস্ট মাসে, নিউ ইয়র্ক সিটি স্থানীয় আইন 147 পাশ করে, যে আইন অনুযায়ী তিন বা তার বেশি আবাসিক ইউনিট সমেত আবাসিক বিল্ডিংগুলির জন্য ধূমপান সম্পর্কিত একটি নীতি তৈরি এবং বর্তমান ও ভবিষ্যতের ভাড়াটেদের সঙ্গে তা ভাগ করে নেওয়া বা তাদের কাছে তা প্রকাশ করা আবশ্যিক। এই নির্দেশিকা এই আইনের উদ্দেশ্য ব্যাখ্যা করে এবং আইনের শর্তাবলী কিভাবে পূরণ করতে হবে সেই বিষয়ক পরামর্শ দিয়ে থাকে।

**NYC কেন স্থানীয় আইন 147 পাশ করেছে?**

- স্থানীয় আইন 147 নিউ ইয়র্কবাসীদের পরোক্ষ ধূমপানের বিপদ থেকে রক্ষা করতে সাহায্য করবে। এছাড়াও এটি নিউ ইয়র্কবাসীরা কোথায় থাকবে সে বিষয়ে অবহিত সিদ্ধান্ত নিতে সাহায্য করবে। পরোক্ষ ধূমপান হল সেই ধূমপান যা ধূমপানের জন্য ব্যবহৃত কোন পণ্য পুড়ে যাওয়ার ফলে তৈরি হয় অথবা ধূমপায়ীদের দ্বারা ত্যাগ করা ধোঁয়া।
- পরোক্ষ ধূমপানের ক্ষেত্রে কোন নিরাপদ পরিমাণ নেই; পরোক্ষ ধূমপান আপনার নির্দিষ্ট কিছু রোগ হওয়ার ঝুঁকি বাড়িয়ে দিতে পারে।
- প্রাপ্তবয়স্ক ধূমপান না করা লোকজনের পরোক্ষ ধূমপানের ফলে স্ট্রোক, হার্টের রোগ এবং ফুসফুসের ক্যান্সার হওয়ার ঝুঁকি বেশি থাকে।
- পরোক্ষ ধূমপানের ফলে বাচ্চাদের হাঁপানি বা অন্যান্য শ্বাসপ্রশ্বাসের রোগ, কানের মধ্যেকার অংশের রোগ এবং সাডেন ইনফ্যান্ট ডেথ সিনড্রোম (SIDS) হওয়ার ঝুঁকি খুব বেশি থাকে।

**এই আইন অনুযায়ী বিল্ডিংয়ের মালিকদের ধূমপানের জন্য একটি নীতি তৈরি এবং বর্তমান ও ভবিষ্যৎ ভাড়াটেদের সাথে সেটি শেয়ার করতে হবে। বিল্ডিংয়ের মালিক ও ভাড়াটেদের জন্য ধূমপান সম্পর্কিত নীতি গুরুত্বপূর্ণ কেন?**

- ধোঁয়া সাধারণত এক অ্যাপার্টমেন্ট থেকে অন্য অ্যাপার্টমেন্টগুলিতে চলে যায়।
- বিল্ডিংয়ের ধূমপান করার নীতির উপর ভিত্তি করে ভাড়াটেরা স্থির করতের পারবেন যে তারা একটি বিল্ডিংয়ে থাকতে চান কি না। এটি ভাড়াটেদের বাড়িতে থাকাকালীন পরোক্ষ ধূমপানের ঝুঁকি সম্পর্কে বুঝতে সহায়তা করবে।
- এই তথ্য, ছোটো বাচ্চাদের মাতাপিতা এবং প্রাপ্ত বয়স্কদের মত অন্যদের, যারা বাড়িতে বেশিক্ষণ থাকেন, তাদের জন্য গুরুত্বপূর্ণ। বাড়িতে বেশিক্ষণ থাকার অর্থ বেশি পরোক্ষ ধূমপান।

## <u>কিভাবে মেনে চলবেন</u>

**কাদের ক্ষেত্রে এই আইন প্রযোজ্য?**

এই আইনটি তিন বা তার বেশি আবাসিক ইউনিটযুক্ত বিল্ডিংয়ের মালিকের ক্ষেত্রে প্রযোজ্য:

- ধূমপান সম্পর্কিত একটি নীতি তৈরি এবং বর্তমান ও ভবিষ্যৎ ভাড়াটেদের সাথে সেটি শেয়ার করুন।
- ভিতরের ও বাইরের সমস্ত জায়গাগুলি সহ প্রপার্টির কোথায় ধূমপান অনুমোদিত ও কোথায় অনুমোদিত নয় তা শেয়ার করুন। (ধোঁয়া-মুক্ত বাতাস আইন ভিতরের সর্বজনীন জায়গাগুলিতে তামাক বা তামাক নয় এমন পণ্য পান করা এবং ই-সিগারেট ব্যবহার করা নিষিদ্ধ করে।)
- ভাড়াটেদের ধূমপান সম্পর্কিত নীতির একটি বার্ষিক বিজ্ঞপ্তি প্রদান করুন।
- ধূমপান সম্পর্কিত নীতি পরিবর্তিত হলে সমস্ত ভাড়াটেদের একটি বিজ্ঞপ্তি প্রদান করুন।

এই আইন অনুযায়ী আবসনটি ধোঁয়া-মুক্ত করার **<u>আবশ্যিকতা নেই।</u>**

- কোনো বিল্ডিং ধোঁয়া-মুক্ত হবে বলে স্থির করলে, এই নীতি বিল্ডিংটিতে বসবাসকারী ধূমপানকারীদের ধূমপান করাকে নিষিদ্ধ **<u>করবে না</u>**; এটি বাড়িতে ধূমপান করা সহ, বিল্ডিংয়ের যে কোনো জায়গায় ধূমপান করা নিষিদ্ধ করবে।*
    - একটি বিল্ডিং বিদ্যমান ভাড়াটেদের, তাদের অ্যাপার্টমেন্টের মধ্যে ধূমপান অব্যাহত রাখার অনুমতি দিয়ে, নতুন ভাড়াটেদের ধূমপান সম্পর্কিত একটি নীতি প্রয়োগ করা বেছে নিতে পারে।
    - একটি বিল্ডিং ইউনিটের মধ্যে শুধুমাত্র নির্দিষ্ট কিছু ধরণের ধূমপান নিষিদ্ধ করা বেছে নিতে পারে (উদাহরণস্বরূপ, তামাক ও মারিজুয়ানা নিষিদ্ধ করা, কিন্তু ই-সিগারেট নয়)।

* একটি বিল্ডিং ধোঁয়া-মুক্ত নীতি গ্রহণ করতে পারে কিন্তু স্থিতিশীল ভাড়া বা নিয়ন্ত্রিত ভাড়ার ইউনিটগুলির আবাসিক নীতিটিতে সম্মত না হলে তাদেরকে অবশ্যই এই নীতির আওতার বাইরে রাখতে হবে। ফলস্বরূপ, কিছু ধোঁয়া-মুক্ত ইউনিট এবং কিছু ছাড়প্রাপ্ত ইউনিট দুরকমই আছে এরকম বিল্ডিং থাকতে পারে।

### ধূমপান সম্পর্কিত একটি নীতিতে কী থাকতে হবে?

ধূমপান সম্পর্কিত একটি নীতিকে, কোথায় ধূমপান করা অনুমোদিত নয়, কোন ধরণের পণ্য ধূমপান করা অনুমোদিত নয়, সেইসাথে ধোঁয়া-মুক্ত বাতাস আইন (Smoke-Free Air Act) সম্পর্কে তথ্য অন্তর্ভুক্ত করতে হবে। আপনি https://www1.nyc.gov/assets/doh/downloads/pdf/smoke/smoking-sample-policy-residential.pdf এ বিল্ডিং নীতির একটি নমুনা দেখতে পারেন।

### ধূমপানের নীতি আমাকে কিভাবে প্রকাশ করতে হবে?

আপনি একটি আবাসিক বিল্ডিংয়ের মালিক হলে, ধূমপান সম্পর্কিত নীতি নিম্নলিখিত উপায়ে শেয়ার করা যেতে পারে:

- প্রত্যেক ভাড়াটেকে আলাদা লিখিতভাবে দেওয়া ***বা***
- বিল্ডিংয়ের কোনো দৃশ্যমান জায়গায়, যেমন বিল্ডিংয়ের লবিতে টাঙিয়ে দেওয়া

একাধিক আবাসিক ইউনিটযুক্ত, যুগ্ম মালিকানা ও পশুপাখি রাখার জায়গা সহ, সমস্ত আবাসিক ইউনিটের লীজ চুক্তি ও বিক্রয়ের জন্য লেনদেনের নথিতে ধূমপান সম্পর্কিত নীতিমালা অবশ্যই সংযুক্ত করতে হবে।

আপনার ভাড়াটেরা কি ধরণের নীতি সমর্থন করেন তা বোঝার জন্য সমীক্ষা করার কথা বিবেচনা করুন। আপনি http://www1.nyc.gov/assets/doh/downloads/pdf/epi/sample-smokefree-survey.pdf residential.pdf এ সমীক্ষার একটি নমুনা দেখতে পারেন।

### একটি বিল্ডিংকে কি যে কোনো জায়গায় ধূমপান করার জন্য তার নীতি নিবন্ধন করতে হবে?

না। বিল্ডিংগুলিকে ধূমপান সম্পর্কিত নীতিগুলি নিবন্ধন বা ফাইল করতে হবে না।

## <u>ব্যয় সম্পর্কিত প্রভাব</u>

### এর জন্য খরচ কত?

বিল্ডিংগুলির জন্য কোনো অতিরিক্ত খরচ থাকার কথা নয়।

### একটি ধোঁয়া-মুক্ত বিল্ডিং নীতি অবলম্বন করলে খরচের দিক দিয়ে সুবিধা পাওয়ার সম্ভাবনা কতটা?

- যখন একজন ভাড়াটে বিল্ডিং ছেড়ে চলে যান, ধোঁয়া-মুক্ত ইউনিটগুলির টার্নওভার খরচ (নতুন ভাড়াটের জন্য প্রপার্টিটিকে প্রস্তুত করার খরচ), যে ইউনিটে ধূমপান করা অনুমোদিত তার থেকে হাজার ডলার কম।
- ধোঁয়া-মুক্ত নীতিগুলি সিগারেটের থেকে ঘটা অগ্নিকান্ডের ঝুঁকি কমাতে পারে, সিগারেটের আগুন হল একাধিক ইউনিটযুক্ত বিল্ডিংগুলিতে আগুন লাগার এবং NYC সিটিতে আগুনের কারণে হওয়া মৃত্যুর অন্যতম প্রধান কারণ।

## কার্যকর হওয়ার তারিখ এবং প্রয়োগকরণ

**এই আইনটি কবে কার্যকর হবে?**

এই আইনটি 28শে আগস্ট, 2018 থেকে কার্যকর হবে।

**কে এই নীতি প্রয়োগ করবে?**

- ধোঁয়া-মুক্ত বাতাস আইন (Smoke-Free Air Act) মেনে চলা হচ্ছে কি না মনিটর করার মাধ্যমে স্বাস্থ্য দপ্তর (Health Department) এই নীতিটি প্রয়োগ করবে।
- স্বাস্থ্য দপ্তর আপনার বিল্ডিং-নির্দিষ্ট নীতিগুলি প্রয়োগ করবে না। ভাড়াটেরা যাতে ধূমপান সম্পর্কিত তাদের বিল্ডিংয়ের নীতি মেনে চলে সেটি বিল্ডিংয়ের মালিকদের নিশ্চিত করতে হবে।
- একজন বিল্ডিং মালিক যথাযথ উপায়ে ধূমপান সম্পর্কিত নীতি শেয়ার না করলে, তারা $100 জরিমানা সাপেক্ষ হবেন। একই বিল্ডিংয়ের একাধিক ভাড়াটেকে ধূমপান সম্পর্কিত নীতিটি জানানো না হলে, সেটি একটি লঙ্ঘন হিসাবে বিবেচিত হবে।
- আইনটি কার্যকর হওয়ার তারিখের পরে ভাড়াটেরা ধূমপান সম্পর্কিত কোনো নীতি না পেলে বা সেটি তাদের বিল্ডিংয়ের একটি দৃশ্যমান জায়গায় টাঙানো না হলে, ***তারা 311*** নম্বরে ফোন করে ধূমপান সম্পর্কিত নীতি প্রকাশ করার বিষয়ে জিজ্ঞাসা করতে পারে।